**বর্তমান চুক্তি একটি ত্রিপক্ষীয় চুক্তি। এই চুক্তি সম্পাদিত হচ্ছে কোম্পানি ও দুজন গ্রাহকের মধ্যে। এদের মধ্যে একজন মুনাফা লাভের উদ্দেশ্যে সকল ঝুঁকি গ্রহণ করে কোম্পানির গ্রাহকদের অ্যাকাউন্টে বিনিয়োগ করবে এবং অন্যজন কোম্পানির অন্যান্য গ্রাহকের অ্যাকাউন্ট থেকে বিনিয়োগ গ্রহণ করবে।**

**1.** সংজ্ঞা এবং শর্তাবলী।

**1.1.** ইন্সটাফরেক্স কোম্পানি হলো একটি গ্রুপ অফ কোম্পানি, এই কোম্পানি ইন্সটাট্রেডার ট্রেডিং প্ল্যাটফর্ম ও প্যাম সিস্টেম প্রদান করে যা বিনিয়োগকারী এবং ট্রেডারের মধ্যে সংযোগ স্থাপন করে।

**1.2.** ট্রেডার হলো কোম্পানির গ্রাহক যারা বিনিয়োগ গ্রহণ করার জন্য তাদের ট্রেডিং অ্যাকাউন্ট প্যাম সিস্টেমে নিবন্ধন করেছে এবং বিনিয়োগ গ্রহণের পর তহবিল লেনদেন করে নিজে লাভবান হয় এবং বিনিয়োগকারীকে লাভবান করে।

**1.3.** বিনিয়োগকারী হলো কোম্পানির গ্রাহক, যারা বিনিয়োগকারী হিসেবে প্যাম-অ্যাকাউন্টে নিবন্ধন করে, যাদের উদ্দেশ্য প্যাম সিস্টেমে নিবন্ধন করে ট্রেডারদের অ্যাকাউন্টে বিনিয়োগ করা।

**1.4.** মনিটরিং হলো কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটের নির্দিষ্ট পাতা, যেখানে নিবন্ধিত ট্রেডারদের তালিকা রয়েছে, ট্রেডার ক্যাবিনেটের নির্দিষ্ট বিভাগে নিবন্ধিত ট্রেডারদের লিঙ্ক সহজেই পাওয়া যায়।

**2.** সাধারণ শর্তাবলী।

**2.1.** প্যাম অ্যাকাউন্ট সিস্টেমের বর্ণনা। প্যাম সিস্টেম হলো কোম্পানির তৈরি করা নিজস্ব সফটওয়্যার প্যাকেজ, যা টেকনিক্যাল বিষয় এবং কোম্পানির ট্রেডিং অ্যাকাউন্টগুলোর মধ্যে বিনিয়োগ কার্যক্রম সয়ংক্রিয়ভাবে সম্পন্ন হতে সহায়তা করে । প্যাম সিস্টেম নিম্নোক্ত বিষয়গুলো স্বয়ংক্রিয় সম্পন্ন হতে সহায়তা করে:

**2.1.1.** ইনভেস্টর সিস্টেমে নিবন্ধন করা;

**2.1.2.** ট্রেডারের সিস্টেমে নিবন্ধন করা;

**2.1.3.** পছন্দের ট্রেডারের কাছে তহবিল বিনিয়োগ করতে বিনিয়োগকারীর অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করা;

**2.1.4.** ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগকৃত তহবিল জমা করা;

**2.1.5.** প্যাম অ্যাকাউন্টের নিয়ম অনুসারে সকল বিনিয়োগকারী এবং ট্রেডারের শেয়ারের হিসাব করা হয়;

**2.1.6.** বিনিয়োগকারীর অনুরোধে তার অ্যাকাউন্টে তহবিল ফেরত দেওয়া হয়;

**2.1.7.** ট্রেডার অ্যাকাউন্টের তহবিলের পরিমাণের উপর ভিত্তি করে অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করতে পারে;

**2.1.8.** প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য প্যাম বিনিয়োগকারীর ক্যাবিনেটে নিয়মিত আপডেট করা হয়।

**2.2.** ইন্সটাক্রেডিট সিস্টেমের টেকনিক্যাল বিষয়গুলো কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেটের আয়তায় প্রদান করা হয় এবং যখন ইন্সটাফরেক্স ট্রেডিং অ্যাকাউন্টের মালিক প্যাম বিনিয়োগকারী বা প্যাম ট্রেডার এই সেবার সাথে সংযুক্ত হয় তখন এটা কার্যকর হয়। বর্তমান চুক্তির অনুচ্ছেদ ৬ এ প্যাম সিস্টেম পরিচালনা সম্পর্কিত বিস্তারিত তথ্য রয়েছে।

**2.3.** প্যাম সিস্টেম ব্যবহারের মাধ্যমে এর সাথে সম্পর্কিত ঝুঁকিসমূহ মেনে নিতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ফরেক্স মার্কেটে ট্রেডার কর্তৃক সরাসরি লেনদেন

সম্পাদন, সম্ভাব্য প্রযুক্তিগত ত্রুটি, ট্রেডিং প্লাটফর্ম বা প্যাম সিস্টেম সফটওয়্যারের ত্রুটি।

**3.** কোম্পানির অধিকার ও কর্তব্য। বর্তমান চুক্তির আওতায় কোম্পানি অতিরিক্ত দায়িত্ব ও অধিকার পেয়েছে, যা ট্রেডিং অ্যাকাউন্ট খোলার সময় গ্রাহক যে ক্লায়েন্ট এগ্রিমেন্ট গ্রহণ করেছিলো তার সাথে সম্পর্কিত। কোম্পানির সার্ভার প্রযুক্তিগতভাবে ত্রুটিমুক্ত থাকা অবস্থায় কোম্পানি এই নিবন্ধতে বর্ণিত দায়িত্বগুলো পালন করবে।

**3.1.** বিনিয়োগ প্রক্রিয়ায় বিধান। প্যাম-বিনিয়োগকারীর অ্যাকাউন্ট থেকে প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগ করা হলে ট্রেডার বিনিয়োগের অনুরোধ গ্রহণ করার এক ঘন্টার মধ্যে কোম্পানি সকল কার্যক্রম নথিভুক্ত করবে।

**3.2.** বিনিয়োগকৃত শেয়ারের মুনাফা এবং লোকসানের বিধান। ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগ করার পর কোম্পানি প্যাম বিনিয়োগকারীর বিনিয়োগকৃত শেয়ারের লাভ/লোকসানের হিসাব রাখবে। সংরক্ষিত তথ্য প্রতি ঘণ্টায় প্যাম বিনিয়োগকারী এবং প্যাম ট্রেডারের ক্যাবিনেটে আপডেট করা হবে।

**3.3.** প্যাম-ট্রেডারের অ্যাকাউন্টে তহবিল ফেরতের নিশ্চয়তা। প্যাম বিনিয়োগকারী প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে অর্থ পরিশোধের জন্য আবেদনের এক ঘন্টার মধ্যে তা কার্যকর করা হবে। বিনিয়োগকারী তহবিল অর্ডার করার সময়ের তহবিলের পরিমাণ থেকে প্রাপ্ত তহবিলের পরিমাণ কিছুটা ভিন্ন হতে পারে,এর কারণ হলো ট্রেডারের অ্যাকাউন্টে স্টপ আউট অথবা স্টপ লসের হিসাব অনুযায়ী বিনিয়োগকারীকে অর্থ প্রদান করা হবে।

**3.4.** ট্রেডার কর্তৃক উত্তোলন থেকে প্যাম-বিনিয়োগকারীর তহবিল সুরক্ষা করা। প্যাম বিনিয়োগকারী প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগ করার পর প্যাম ট্রেডার যেন এটা উত্তোলন করতে না পারে সে বিষয়ে কোম্পানি নিশ্চয়তা প্রদান করবে, প্যাম ট্রেডার বিনিয়োগকারীর বিনিয়োগকৃত অর্থের কোন অংশ উত্তোলন করতে পারবে না।

**3.5.** যোগাযোগের ঠিকানা।

**3.5.1.** প্যাম ট্রেডারের সাথে যোগাযোগের ঠিকানা(ই-মেইল, ফোন নম্বর) কোম্পানি প্রদান করবে। মনিটরিং পৃষ্ঠায় প্যাম ট্রেডারের সাথে যোগাযোগের বিস্তারিত ঠিকানা থাকবে। প্যাম ট্রেডারের সাথে যোগাযোগের ক্ষেত্রে এই তথ্য ব্যবহার করা যাবে।

**3.5.2.** প্যাম ট্রেডারকে কোম্পানি প্যাম-বিনিয়োগকারীর সাথে যোগাযোগের ঠিকানা(ই-মেইল, ফোন নম্বর) প্রদান করবে, যার অ্যাকাউন্টে প্যাম বিনিয়োগকারী বিনিয়োগ করবে।

**3.6.** প্যাম সিস্টেমের মাধ্যমে প্যাম ট্রেডার কোন মুনাফা লাভ করলে কোম্পানি প্যাম ট্রেডারের মুনাফা আংশিক বা সম্পূর্ণ বাতিল করে দিতে পারে এ বিষয়ে প্যাম ট্রেডার সম্মত থাকবে, কোনভাবে যেমন ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে কোম্পানির অপবাদ করা হলে, বিনিয়োগকারীর সাথে অভ্যন্তরীণ যোগাযোগ করা হলে, মনিটরিং পৃষ্ঠায় এবং সামাজিক পৃষ্ঠায় প্যাম প্রকল্প বর্ণনা করলে কোম্পানি প্রাপ্ত মুনাফার আংশিক বা সম্পূর্ণ অংশ বাতিল করে দিতে পারে।

**3.7.** কোন প্যাম প্রকল্পের সাথে অন্য কোন প্যাম প্রকল্পের তথ্য মিলে গেলে কোম্পানি সেই প্যাম প্রকল্পের তথ্য আংশিক বা পুরোপুরি পরিবর্তন করতে পারে। কিছু কিছু ক্ষেত্রে কোম্পানি প্যাম প্রকল্পের কার্যক্রম বাতিল করে দিতে পারে।

**4.** প্যাম বিনিয়োগকারীর অধিকার ও কর্তব্য। বর্তমান চুক্তি ও এই কোম্পানিতে অ্যাকাউন্ট খোলার সময় গ্রহণ করা ক্লায়েন্ট অফার অ্যাগ্রিমেন্ট অনুযায়ী প্যাম বিনিয়োগকারীর অধিকার ও কর্তব্য থাকবে। কোম্পানির প্যাম সিস্টেমের সফটওয়্যার এবং হার্ডওয়্যার ঠিক মত কাজ করার সাপেক্ষে প্যাম বিনিয়োগকারী অধিকার গ্রহণ করতে পারবে। টেকনিক্যাল সমস্যা হলে বা প্রোগ্রাম ঠিক মত কাজ না করার কারণে প্যাম বিনিয়োগকারী ক্ষতিগ্রস্ত হলে কোম্পানি এর দায়ভার গ্রহণ করবে না।

**4.1.** ঝুঁকি নির্ধারণ। বর্তমান চুক্তির অনুচ্ছেদ ৮ অনুযায়ী প্যাম বিনিয়োগকারী প্যাম

সিস্টেমের ঝুঁকি সম্পর্কে অবগত থাকবে। উল্লেখিত ঝুঁকি ছাড়াও বিশেষ বিশেষ কারণে কোম্পানি অথবা তৃতীয় পক্ষের মাধ্যমে প্যাম বিনিয়োগকারী অন্যান্য ঝুঁকির সম্মুখীন হতে পারে এ বিষয়ে প্যাম বিনিয়োগকারী সম্মত থাকবে।

**4.2.** প্যাম সিস্টেমের টেকনিক্যাল বিষয়গুলোর উপলব্ধি বিনিয়োগকারী স্বীকার করছে যে, সে প্যাম সিস্টেমের টেকনিক্যাল বিষয়গুলো বুঝতে পেরেছে এবং এর সাথে সম্পর্কিত ঝুঁকি মেনে নিয়েছে।

**4.3.** বর্তমান চুক্তির আওতায় কোম্পানির অবস্থান সম্পর্কে অবগত হতে হবে। প্যাম বিনিয়োগকারী স্বীকার করছে যে, বর্তমান চুক্তির আওতায় কোম্পানি শুধু প্যাম অ্যাকাউন্ট সেবার টেকনিক্যাল বিষয়গুলো সরবরাহ করবে, কিন্তু প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে সম্পন্ন লেনদেনের লাভ বা ক্ষতির দায়ভার গ্রহণ করবে না।

**4.4.** অ্যাকাউন্ট ব্যবস্থাপনার ক্ষেত্রে প্যাম ট্রেডারের সাথে যোগাযোগ। প্যাম ট্রেডারের অ্যাকাউন্টের সেটিংস যদি প্যাম সিস্টেমে অন্তর্ভুক্ত না থাকে, তাহলে প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট ব্যবস্থাপনা সম্পর্কিত যেকোনো অনুসন্ধানের জন্য প্যাম বিনিয়োগকারী বর্তমান চুক্তির যোগাযোগের তথ্য ব্যবহার করে সরাসরি মালিকের সাথে যোগাযোগ করবে।

**4.5.** প্যাম-ট্রেডারের ট্রেডিং অ্যাকাউন্টে তহবিল বিনিয়োগ। প্যাম বিনিয়োগকারী যে কোন সময় তার পছন্দের প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগ করতে পারে। বিনিয়োগের অনুরোধ করা মানেই প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগের হয়েছে তার নিশ্চয়তা পাওয়া নয়। প্যাম ট্রেডার প্যাম বিনিয়োগকারীর বিনিয়োগের অনুরোধ গ্রহণ করলেই কেবল বিনিয়োগ নিশ্চিত হবে। প্যাম ট্রেডার বিনিয়োগের অনুরোধ গ্রহণ করার এক ঘন্টার মধ্যে বিনিয়োগকৃত অর্থ বিনিয়োগকারীর অ্যাকাউন্টে জমা হবে। একজন প্যাম বিনিয়োগকারী তার পছন্দের যে কোন প্যাম ট্রেডারের কাছে বিনিয়োগ করতে পারে।

**4.6.** প্যাম ট্রেডারের অ্যাকাউন্টের পরিসংখ্যানে প্রবেশ। প্যাম বিনিয়োগকারী যে কোন সময় সরাসরি প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে প্রবেশ করতে পারবে যেমন প্যাম ট্রেডারের ব্যালেন্স, সম্পদ এবং শেয়ারের পরিসংখ্যানে প্রবেশ। এই ধরনের তথ্য সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কাজে লাগতে পারে যেমন প্যাম অ্যাকাউন্ট থেকে শেয়ার উত্তোলন করা।

**4.7.** প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট থেকে শেয়ার ফেরত। প্যাম বিনিয়োগকারী যে কোন সময় প্যাম ট্রেডারের কাছে তার শেয়ার চাইতে পারবে। অনুরোধ করার এক ঘন্টার মধ্যে শেয়ার গণনা করে পরিশোধ করতে হবে। প্যাম বিনিয়োগকারীর বিনিয়োগকৃত অর্থের পরিমাণ এবং প্রাপ্ত অর্থের পরিমাণ ভিন্ন হতে পারে।

**5.** প্যাম-ট্রেডারের অধিকার ও কর্তব্য। এই কোম্পানিতে অ্যাকাউন্ট খোলার সময় গ্রাহকের গ্রহণ করা ক্লায়েন্ট এগ্রিমেন্ট অনুযায়ী অধিকার ও কর্তব্য ছাড়াও বর্তমান চুক্তির আওতায় গ্রাহক নতুন অধিকার ও কর্তব্যের অধিকারী হবে। চলতি প্রোগ্রাম ও প্যাম সিস্টেমের টেকনিক্যাল সাপোর্ট ঠিক থাকা সাপেক্ষে প্যাম ট্রেডারের অধিকার পূরণ করা হয়। কোম্পানির সিস্টেমে কোনো টেকনিক্যাল সমস্যা হলে বা কোনো প্রোগ্রাম কাজ না করলে কোম্পানি প্যাম ট্রেডারের সকল অধিকার পূর্ণ করার নিশ্চয়তা প্রদান করে না।

**5.1.** ঝুঁকি নির্ধারণ। প্যাম ট্রেডার স্বীকার করছে এই চুক্তির ৮ বিভাগে বর্ণিত, ঝুঁকির নোটিফিকেশনের মধ্যে সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে আংশিক তথ্য থাকতে পারে এবং কোম্পানি বা তৃতীয় পক্ষ থেকে বিভিন্ন কারণে আরও ঝুঁকি তৈরি হতে পারে। লেনদেনে ক্ষতি হলে প্যাম ট্রেডার তার নিজের এবং অন্যান্য বিনিয়োগকারীর তহবিলের দায়িত্ব বহন করবে।

**5.2.** প্যাম সিস্টেমের টেকনিক্যাল ফিচার। প্যাম ট্রেডার এই চুক্তির ৬ অধ্যায়ে বর্ণিত, প্যাম সিস্টেমের সকল টেকনিক্যাল ফিচার বাস্তবায়ন এবং এর সাথে সংশ্লিষ্ট ঝুঁকি স্বীকার করছে।

**5.3.** এই চুক্তির আওতায় কোম্পানির অবস্থান। প্যাম ট্রেডার স্বীকার করছে যে, এই

চুক্তির আওতায় কোম্পানি প্যাম অ্যাকাউন্ট সার্ভিস এর টেকনিক্যাল বিষয়গুলো বাস্তবায়ন করবে এবং কোম্পানি প্যাম ট্রেডারের অ্যাকাউন্টের লাভ বা ক্ষতির দায়িত্ব বহন করবে না। কোম্পানি কোনো লেনদেনের ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করবে না বা প্যাম ট্রেডারের মুনাফার সুবিধাভোগী হবে না।

**5.4.** অ্যাকাউন্ট ব্যবস্থাপনার ক্ষেত্রে প্যাম বিনিয়োগকারীর সাথে যোগাযোগ চুক্তির ৩.৫ অধ্যায়ে বর্ণিত যোগাযোগের তথ্য অনুসারে, প্যাম ট্রেডার অ্যাকাউন্ট ব্যবস্থাপনার ক্ষেত্রে সরাসরি প্যাম বিনিয়োগকারীর সাথে আলোচনা করবে। এক্ষেত্রে প্যাম ট্রেডারের ট্রেডিং অ্যাকাউন্টের সেটিংসে স্পষ্টভাবে উল্লেখ না থাকলে এই চুক্তি অনুযায়ী যোগাযোগের তথ্য ব্যবহার করতে হবে। প্যাম ট্রেডার অ্যাকাউন্টে ঋণের অর্থ থাকা অবস্থায় এবং পরবর্তী ৩০ দিন পর্যন্ত প্যাম বিনিয়োগকারীর অনুসন্ধানকৃত যেকোনো তথ্য প্যাম ট্রেডার ৭২ ঘণ্টার মধ্যে জানাতে বাধ্য থাকবে।

**5.5.** মনিটরিং সিস্টেমে অন্তর্ভুক্তকরণ। প্যাম সিস্টেমে নিবন্ধনের সময় প্যাম ট্রেডার অ্যাকাউন্ট স্বয়ংক্রিয়ভাবে অ্যাকাউন্ট মনিটরিং সিস্টেমে অন্তর্ভুক্ত হয়, কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইট এবং ক্লায়েন্ট ক্যাবিনেটের মাধ্যমে অ্যাকাউন্ট মনিটরিং সিস্টেমে প্রবেশ করা যায়। প্যাম বিনিয়োগকারীগণ সবচেয়ে ভালো প্যাম ট্রেডার খুঁজে পেতে অ্যাকাউন্ট মনিটরিং ব্যবহার করে।

**5.6.** প্যাম বিনিয়োগকারীদের থেকে বিনিয়োগ গ্রহণ প্যাম সিস্টেমে নিবন্ধনের সময় থেকে প্যাম বিনিয়োগকারীগণের কাছ থেকে ঋণের অফার পাওয়ার সম্ভাবনা থাকে। প্যাম ট্রেডার এই প্রস্তাব বাতিল করে দেওয়ার অধিকার সংরক্ষণ করে। এই চুক্তির অধ্যায় ৬ এ উল্লেখিত নিয়মাবলী এবং নির্দেশ অনুযায়ী প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে সম্পন্ন সকল জমা এবং উত্তোলন কাজ সম্পন্ন করা হবে।

**5.7.** প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্টে অর্থ ফেরত। উল্লেখিত যে কোন কারণে তহবিল পুনরায় প্যাম বিনিয়োগকারীর কাছে জমা করতে হতে পারে:

**5.7.1.** ক্ল্যায়েন্ট ক্যাবিনেটে বিনিয়োগ ফেরত (প্যাম বিনিয়োগকারীর কাছে) বাটন ক্লিক করে প্যাম ট্রেডার প্যাম বিনিয়োগকারীর কাছে বিনিয়োগ ফেরতের জন্য অর্ডার করতে পারে;

**5.7.2.** প্যাম বিনিয়োগকারী তার ক্যাবিনেটের বিনিয়োগ ফেরতের যে কোন অপশন উল্লেখ করে বিনিয়োগ ফেরত চাইতে পারে ;

**5.7.3.** বিনিয়োগকারীর প্রয়োজনে কোম্পানি সাপোর্ট সার্ভিসের সাথে যোগাযোগ করে বিনিয়োগ ফেরতের জন্য উদ্যোগ নিতে পারে।

**5.8.** প্যাম ট্রেডারকে লভ্যাংশ প্রদান। প্যাম ইনভেস্টরের কাছ থেকে প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগ প্রাপ্তির সময় থেকে, প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্টে অর্থ ফেরত প্রদানের উদ্দেশ্যে প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলনের সময় পর্যন্ত, অ্যাকাউন্টে মুনাফার একটি অংশ প্রদান করা হবে। এই চুক্তির পার্ট 6 অনুযায়ী উক্ত লভ্যাংশের হিসাবে করা হবে।

**6.** প্যাম সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন

**6.1.** প্যাম সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশনের মধ্যে রয়েছে টাইমফ্রেম এর বর্ণনা এবং অটোমেটিক মোডের কার্যপ্রণালী। প্যাম সিস্টেমে নিবন্ধিত প্রত্যেকে স্বীকার করছে যে কোম্পানির ব্যবহৃত টেকনিক্যাল ইকুইপমেন্ট এর ব্যর্থতা ও অন্যান্য সমস্যার জন্য টেকনিক্যাল রেগুলেশনে বর্ণীত কিছু কিছু প্রক্রিয়ায় কার্যক্রম ব্যাহত হতে পারে।

**6.2.** প্যাম সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশনের মধ্যে নিম্নোক্ত কার্যপ্রণালীর বর্ণনা রয়েছে:

**6.2.1.** কোম্পানির প্যাম ক্যাবিনেটের মাধ্যমে প্যাম বিনিয়োগকারী এবং প্যাম ট্রেডার এর নিবন্ধন;

**6.2.2.** ত্রিপক্ষীয় যোগাযোগের জন্য প্যাম বিনিয়োগকারী এবং প্যাম ট্রেডারের

যোগাযোগের তথ্য সংরক্ষণ;

**6.2.3.** একজন প্যাম বিনিয়োগকারীর বিনিয়োগের অনুরোধ সম্পাদন;

**6.2.4.** প্যাম ট্রেডার কর্তৃক বিনিয়োগের অনুরোধ গ্রহণ অথবা বাতিলকরণ;

**6.2.5.** প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগ করার সময় থেকে প্যাম বিনিয়োগকারী এবং প্যাম ট্রেডারের শেয়ারের হিসাব করা এবং পরবর্তী পয়েন্ট গণনা করা;

**6.2.6.** প্যাম বিনিয়োগকারীর বিনিয়োগ ফেরতের অনুরোধ সম্পাদন করা ;

**6.2.7.** প্যাম বিনিয়োগকারীর শেয়ার ফেরত দেওয়া;

**6.2.8.** একজন প্যাম বিনিয়োগকারীর তহবিল ফেরতের পর প্যাম ট্রেডারকে মুনাফার অংশ প্রদান করা;

**6.2.9.** একজন প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগের তহবিল জমা করা;

**6.2.10.** একজন প্যাম ট্রেডারের অর্থ উত্তোলনের অনুরোধ সম্পাদন করা;

**6.2.11.** একজন প্যাম ট্রেডারের অর্থ উত্তোলনের অনুরোধ প্রক্রিয়াকরণ করা;

**6.2.12.** শেয়ার এবং মুনাফা গণনা করা;

**6.2.13.** প্রতিটি প্যাম বিনিয়োগকারী মনিটরিং এর মাধ্যমে পরিসংখ্যানগত তথ্য ও অ্যাকাউন্টের সম্পর্কে বিস্তারিত জানতে পারবে;

**6.3.** প্যাম-বিনিয়োগকারীর নিবন্ধন। কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেট থেকে এই চুক্তি মেনে নেওয়ার পর প্যাম বিনিয়োগকারী নিবন্ধিত হয়। নিবন্ধন প্রক্রিয়ায় প্যাম বিনিয়োগকারীর যোগাযোগের তথ্যের প্রয়োজন হয় (ফোন নম্বর, ইমেইল ঠিকানা)। যোগাযোগের এই তথ্যগুলো প্যাম বিনিয়োগকারী যেসব প্যাম ট্রেডারকে ঋণ দেওয়ার জন্য জন্য প্রস্তাব করবে বা ঋণ প্রদান করবে তাদের কাছে প্রেরণ করা হবে। নিবন্ধনের পর যেকোনো সময় প্যাম বিনিয়োগকারী তার সুবিধানুযায়ী নিবন্ধনের তথ্য পরিবর্তন করতে পারবে। প্যাম বিনিয়োগকারী তার প্যাম ক্যাবিনেট নিবন্ধন করার পর প্যাম বিনিয়োগকারী হিসাবে প্রবেশাধিকার পায়। প্যাম সিস্টেমে নিবন্ধনের পর প্যাম ইনভেস্টর এর লিংক এর মাধ্যমে প্রবেশ করা যাবে।

**6.4.** প্যাম -ট্রেডারের নিবন্ধন। কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেট থেকে এই চুক্তি মেনে নেওয়ার পর প্যাম বিনিয়োগকারী নিবন্ধিত হয়। নিবন্ধন প্রক্রিয়ায় প্যাম বিনিয়োগকারীর যোগাযোগের তথ্যের প্রয়োজন হয় (ফোন নম্বর, ইমেইল ঠিকানা)। যোগাযোগের এই তথ্যগুলো প্যাম বিনিয়োগকারী যেসব প্যাম ট্রেডারকে ঋণ দেওয়ার জন্য প্রস্তাব করবে বা ঋণ প্রদান করবে তাদের কাছে প্রেরণ করা হবে। নিবন্ধনের পর যেকোনো সময় প্যাম বিনিয়োগকারী তার সুবিধানুযায়ী নিবন্ধনের তথ্য পরিবর্তন করতে পারবে। যোগাযোগের তথ্যের পাশাপাশি, প্যাম ট্রেডার তার মুনাফার পরিমাণ উল্লেখ করবে, যা বিনিয়োগকারীকে তার তহবিল ফেরত প্রদানের সময় কেটে রাখা হবে। প্যাম ট্রেডারের নিবন্ধনের পর, তার ক্লায়েন্ট ক্যাবিনেটে প্যাম ট্রেডার প্রবেশ করতে পারবে। প্যাম সিস্টেমে নিবন্ধন করার পর প্যাম ট্রেডার এই লিংকে প্রবেশ করতে পারবে।

**6.5.** প্যাম - বিনিয়োগকারীর বিনিয়োগের আবেদন। মনিটরিং পেজে বর্ণিত একজন প্যাম ট্রেডারের পছন্দ অনুযায়ী প্যাম বিনিয়োগকারীর বিনিয়োগের আবেদন কার্যকর হবে। প্যাম ট্রেডার বিনিয়োগের আবেদন গ্রহণ করার সাথে সাথে প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্ট থেকে তহবিল কেটে নেওয়া হবে। যখন প্যাম ট্রেডার প্যাম বিনিয়োগকারীর আবেদন গ্রহণ করবে, তখন প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্ট থেকে তহবিল প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে স্থানান্তর করা হবে এবং প্যাম বিনিয়োগকারী প্যাম ট্রেডারের অ্যাকাউন্টের শেয়ার লাভ করবে, যা অ্যাকাউন্টের বিনিয়োগের অনুপাতের সমানুপাতিক হবে। যদি প্যাম ট্রেডার বিনিয়োগের আবেদন প্রত্যাখ্যান করে, তাহলে প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্টে তহবিল ফেরত দেওয়া হবে।

**6.6.** প্যাম ট্রেডার তার প্যাম–ক্যাবিনেটের ট্রেডিং অ্যাকাউন্টে বিনিয়োগের নতুন আবেদন দেখতে পারে। বিনিয়োগের আবেদন গ্রহণের ৭২ঘন্টার মধ্যে ট্রেডার তার ক্যাবিনেটে প্রতিটি নতুন আবেদন গ্রহণ বা বাতিল করতে পারে। প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগের আবেদন গ্রহণের ৩ দিনের মধ্যে কোন কার্যকারী পদক্ষেপ গ্রহণ না করলে, তহবিল প্যাম বিনিয়োগকারী অ্যাকাউন্টে ফেরত দেওয়া হবে।

**6.7.** প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে তহবিল জমা বা উত্তোলন সম্পর্কিত কোন লেনদেন হলে, প্যাম বিনিয়োগকারী এবং প্যাম ট্রেডারের শেয়ারের পুনরায় হিসাব করা হবে। শেয়ারের হিসাব করা হয় প্রত্যেক প্যাম ইনভেস্টরের বিনিয়োগ এবং প্যাম ট্রেডারের নিজের বিনিয়োগ পরিমাণের উপর ভিত্তি করে। মোট বিনিয়োগ থেকে প্রত্যেক বিনিয়োগকারীর শতকারা পরিমাণ নির্ধারণ করা হয়। প্রত্যেক বিনিয়োগকারীর বিনিয়োগের শতকারা পরিমাণের উপর ভিত্তি করে তাদের মুনাফার পরিমাণ নির্ধারণ করা হয়। মুনাফা এবং শেয়ার সম্পর্কিত তথ্য সকলের জন্য উন্মুক্ত। এই তথ্য উক্ত অ্যাকাউন্টের সকল প্যাম ইনভেস্টরের ক্যাবিনেট ও প্যাম ট্রেডারের ক্যাবিনেটে প্রদর্শিত হয়।

**6.8.** প্যাম বিনিয়োগকারীর তহবিল ফেরতের আবেদন। ক্লায়েন্ট ক্যাবিনেটে সঠিক অপশন নির্বাচন করে প্যাম বিনিয়োগকারী তহবিল ফেরতের জন্য নিবন্ধন করতে পারে। তহবিল অ্যাকাউন্টে জমা হতে কিছু সময় লাগে, যা সাধারণভাবে ২ঘন্টার বেশি নয়। বিনিয়োগ ফেরতের আবেদন করার সময় প্যাম পরিসংখ্যানে যে লাভ বা ক্ষতির হিসাব ছিল, সেটা থেকে প্রাপ্ত তহবিল ভিন্ন হতে পারে এ বিষয়ে প্যাম বিনিয়োগকারী সম্মত থাকবে।

**6.9.** প্যাম বিনিয়োগকারীর শেয়ার প্রদান। প্যাম বিনিয়োগকারী প্যাম ট্রেডারের আকাউন্টে শেয়ারের জন্য আবেদন করলে, প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট থেকে প্যাম বিনিয়োগকারীকে নিদিষ্ট শেয়ার প্রদান করা হবে। প্যাম ট্রেডারের প্রাপ্ত মুনাফা থেকে এই শেয়ার প্রদান করা হবে।

**6.10.** প্যাম বিনিয়োগকারীর শেয়ার প্রদানের পর প্যাম ট্রেডারের শেয়ার প্রদান। প্যাম বিনিয়োগকারীর ট্রেডিং অ্যাকাউন্টে তহবিল স্থানান্তর করে, প্যাম বিনিয়োগকারীকে মুনাফার অংশ প্রদানের পর, প্যাম ট্রেডার মুনাফার অংশ গ্রহণ করবে। মুনাফা শেয়ার হিসাব করার জন্য, প্যাম ইনভেস্টর কর্তৃক প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে অর্থ প্রদান এবং প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট থেকে প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্টে অর্থ ফেরত প্রদানের মধ্যবর্তী সময়ে প্যাম ট্রেডারকে প্রদেয় প্রফিট লেভেল এবং প্যাম বিনিয়োগকারীর আনুপাতিক শেয়ার বিবেচনায় আনা হয়। প্যাম ট্রেডারের মুনাফার হিসাব করা হবে যদি, প্যাম ইনভেস্টর কর্তৃক প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে অর্থ প্রদান এবং প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট থেকে প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্টে অর্থ ফেরত প্রদানের মধ্যবর্তী সময়ে মুনাফা অর্জিত হয়(এই চুক্তির 6.13 পয়েন্ট অনুযায়ী মুনাফার হিসাব)।

**6.11.** প্যাম ট্রেডার কর্তৃক বিনিয়োগ অ্যাকাউন্টে তহবিল জমা করা। প্যাম ট্রেডারের বিনিয়োগ করা তহবিল কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটের নিরাপদ বিভাগের ট্রেডিং অ্যাকাউন্টে স্থানান্তর করা হয়। তহবিল গ্রহণের নিদিষ্ট সময় পর প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে স্থানান্তর করা হয়। ফলে যদি প্যাম বিনিয়োগকারীর তহবিল থাকে, তাহলে প্যাম ট্রেডারের তহবিল বৃদ্ধি পায়।

**6.12.** প্যাম ট্রেডার কর্তৃক উত্তোলনের আবেদন। কোম্পানির নিরাপদ বিভাগে প্যাম ট্রেডারের উত্তোলনের আবেদন নিবন্ধন করা হবে। উত্তোলন নিবন্ধন করার সময় প্যাম ট্রেডার উত্তোলনের পরিমাণ উল্লেখ করে না, অ্যাকাউন্টে শেয়ারের পরিমাণ নিদিষ্ট থাকে যা লেনদেনের ফলে বৃদ্ধি বা হ্রাস পায় না। প্যাম ট্রেডার ১০০% তহবিল উত্তোলনের জন্য আবেদন করলেও, প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট থেকে সম্পূর্ণ তহবিল উত্তোলন করা যাবে না, যদি ওপেন ট্রেড থাকে তাহলে সে ওপেন ট্রেড ব্যতীত অন্যান্য তহবিল উত্তোলন করতে পারবে।

**6.13.** প্যাম ট্রেডারের উত্তোলনের অর্ডার সম্পাদন। যদি প্যাম বিনিয়োগকারীর তহবিল প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে থাকে তাহলে প্যাম ট্রেডার তহবিল ফেরতের

অর্ডার দেওয়ার সাথে সাথে তার অ্যাকাউন্ট থেকে তহবিল কেটে নেওয়া হবে। ট্রেডিং অ্যাকাউন্ট থেকে এই তহবিল উত্তোলনের জন্য তার শেয়ারের পরিমাণ কমে যাবে।

**6.14.** শেয়ার এবং মুনাফার হিসাব।

**6.14.1.** প্রতিটি প্যাম বিনিয়োগকারী এবং প্যাম ট্রেডারের জন্য শেয়ার এবং মুনাফার হিসাব করা হয়। হিসাব শুরু হয় যখন

**6.14.1.1.** প্যাম অ্যাকাউন্টে বিনিয়োগ করা হয়;

**6.14.1.2.** প্যাম অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করা হয়;

**6.14.1.3.** ট্রেডার প্যাম অ্যাকাউন্টে তহবিল জমা অথবা উত্তোলন করে;

**6.14.1.4.** রিবেট এর মাধ্যমে প্যাম অ্যাকাউন্টে অর্থ জমা করা হয়।

**6.14.2.** শেয়ার এবং মুনাফা নিম্নলিখিত বিষয়ের উপর ভিত্তি করে হিসাব করা হয়:

**6.14.2.1.** নতুন প্যাম বিনিয়োগকারী;

**6.14.2.2.** দক্ষ প্যাম বিনিয়োগকারী থেকে শেয়ার গ্রহণ;

**6.14.2.3.** অ্যাকাউন্টের লাভ অথবা লোকসান;

**6.14.2.4.** প্যাম অ্যাকাউন্টে রিবেট জমা করা হয়। অ্যাকাউন্ট ব্যালেন্স নয় ইকুইটির মানের উপর ভিত্তি করে সকল হিসাব করা হয়। হিসাবের জন্য কোম্পানির গোপন সুত্র ব্যবহার করা হয়, যাইহোক, ট্রেডিং অ্যাকাউন্টের লাভ ও লোকসানের উপর ভিত্তি করে হিসাব করা হয় এবং সাধারণভাবে সকল হিসাব নির্ভুলভাবে করা হয়(কোম্পানির পক্ষ থেকে কোন কারিগরি সমস্যা না থাকলে)।

**6.15.** প্যাম-সিস্টেমের পরিসংখ্যানগত তথ্যে প্রবেশ করা যায়। প্যাম –সিস্টেমের পরিসংখ্যানগত তথ্যের মধ্যে রয়েছে:

**6.15.1.** কোম্পানির ট্রেডার ক্যাবিনেটে অ্যাকাউন্ট মনিটর করা যায়। কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইট অথবা অফিসিয়াল পার্টনার ওয়েবসাইটেও অ্যাকাউন্ট মনিটর করা যায়;

**6.15.2.** প্যাম ট্রেডারের অ্যাকাউন্টের ব্যালেন্স এবং ইকুইটির সর্বশেষ হিসাব সম্পর্কিত তথ্য পাওয়া যায়;

**6.15.3.** বিনিয়োগের ইতিহাস এবং বর্তমান বিনিয়োগ সম্পর্কিত তথ্য প্যাম ট্রেডারের অ্যাকাউন্ট অনুসারে করা হয়। প্যাম ট্রেডার অ্যাকাউন্টের নিয়ন্ত্রণ স্বচ্ছ হওয়া নিশ্চিত করার জন্য কোম্পানি পরিসংখ্যান সরবরাহ করে। কিন্তু টেকনিক্যাল কারেণে পরিসংখ্যান আপডেট হতে বিলম্ব হতে পারে। বিলম্ব খুব বেশি সময়ের জন্য হয় না (সাধারণত ১-২ ঘণ্টার বেশি নয়)।

**7.** প্যাম অ্যাকাউন্টে বোনাস তহবিল ব্যবহার

**7.1.** বোনাসের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে, প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্টে বোনাসের তহবিল হিসেবে গণনা করা হবে।

**7.2.** যদি একজন প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্টে স্টপ লস হয় এবং সে তার অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করে, তাহলে স্টপ লস হওয়ার আগে সে যে বোনাস তহবিল বিনিয়োগ করেছিলো, সেটি বাতিল হয়ে যাবে।

**7.3.** যদি একজন প্যাম বিনিয়োগকারীর বোনাস তহবিল বিনিয়োগের পর তার অ্যাকাউন্টে মোট তহবিলের ৩০% এর বেশি হয়, তাহলে তহবিলের চেয়ে অতিরিক্ত বোনাস বাতিল করা হবে।

**7.4.** একজন প্যাম বিনিয়োগকারী একজন প্যাম ট্রেডারের অ্যাকাউন্টে বিনিয়োগ করার পর শুধুমাত্র বোনাস তহবিলের উপর ভিত্তি করে লেনদেন করতে পারবে না।

**7.5.** একজন ট্রেডার পজিশন ক্লোজ করার পর তার প্যাম অ্যাকাউন্ট থেকে বোনাস উত্তোলন করতে পারে সেক্ষেত্রে তার অ্যাকাউন্টের মোট শেয়ারের গড় অনুপাতে বোনাস প্রদান করা হবে। প্যাম অ্যাকাউন্টের শর্তাবলী প্রযোজ্য,বোনাসের মোট পরিমাণ এবং উত্তোলনকৃত বোনাসের পরিমাণ ভিন্ন হতে পারে। ট্রেডিং অ্যাকাউন্ট থেকে বোনাস উত্তোলন করতে, দয়াকরে নিম্নোক্ত ইমেইল ঠিকানায় আবেদন করুন bonuses@instaforex.com.

**7.6.** যদি, বিনিয়োগের উপর প্রদত্ত সকল বোনাসের (বাতিলকৃত বোনাস সহ) পরিমাণ বিনিয়োগের পর প্যাম বিনিয়োগকারীর অ্যাকাউন্টের মোট ফ্রি মার্জিনের ৫৫% এর বেশি হয়, সে ক্ষেত্রে অ্যাকাউন্টে প্রদত্ত ৫৫% বোনাস বাতিল হয়ে যাবে।

**7.7.** অ্যাকাউন্টে ৫৫% বোনাস পাওয়ার জন্য, বোনাসের মোট পরিমাণের ৫০% আমানত বিনিয়োগ করতে হবে, যদি পরিমাণ অনুযায়ী বিনিয়োগ না করা হয়, তাহলে ৫৫% বোনাস বাতিল করা হবে।

**8.** ঝুঁকি অবহিতকরণ

**8.1.** নিবন্ধনের মাধ্যমে প্যাম ট্রেডার এবং প্যাম বিনিয়োগকারী ঝুঁকি সম্পর্কিত নোটিফিকেশনগুলোকে গ্রহণ করছে, যার মধ্যে প্রধান ঝুঁকিপূর্ণ পরিস্থিতিগুলো বিদ্যমান।

**8.2.** প্যাম বিনিয়োগকারী স্বীকার করছে যে, অসফল লেনদেন হওয়ার কারণে প্যাম ট্রেডারকে দেওয়া তার বিনিয়োগের কিছু অংশ ক্ষতি হতে পারে।

**8.3.** এই চুক্তির ৬.১৪ ধারায় উল্লেখিত প্যাম বিনিয়োগকারী স্বীকার করছে যে, প্যাম সিস্টেমের সহজলভ্য পরিসংখ্যান প্রকৃত অবস্থা থেকে ভিন্ন হতে পারে। বিশেষকরে, যখন প্যাম ট্রেডার একটি বিশেষ পরিমাণ ক্ষতির সম্মুখীন হয় তখন পরিসংখ্যান পুরানো তথ্য উপস্থাপন করতে পারে। ব্যালেন্স এবং প্যাম ট্রেডার সম্পর্কিত অন্যান্য তথ্য প্রদর্শনে বিলম্ব হলো প্যাম সিস্টেম এর একটি টেকনিক্যাল ফিচার এবং সাধারণ পরিস্থিতিতে এই বিলম্ব ১-২ ঘণ্টার বেশি হয় না।

**8.4.** প্যাম বিনিয়োগকারী স্বীকার করছে যে, যখন পুরানো পরিসংখ্যান অনুযায়ী ঋণের রিটার্ন গ্রহণের জন্য অর্ডার করা হয়, তখন প্যাম ট্রেডার কর্তৃক প্যাম বিনিয়োগকারীকে দেওয়া প্রকৃত পরিমাণ পুরানো পরিসংখ্যান থেকে ভিন্ন হতে পারে।

**8.5.** প্যাম বিনিয়োগকারী এবং প্যাম ট্রেডার উভয়েই স্বীকার করছে যে, প্যাম সিস্টেম কর্তৃক অনুসন্ধান প্রক্রিয়াকরণ করতে বিলম্ব হতে পারে, যা স্বাভাবিক অবস্থায় স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়াকরণ করতে ১ থেকে ২ ঘণ্টা সময় লাগে। কোম্পানির পক্ষ থেকে যদি টেকনিক্যাল সমস্যা দেখা দেয়, তাহলে পরিসংখ্যান আপডেট করা কিংবা ঋণ রিটার্ন আবেদনের মত অর্ডারগুলো সময়মত প্রক্রিয়াকরণ করার নিশ্চয়তা প্রদান করা হয় না। প্যাম ট্রেডার এবং প্যাম বিনিয়োগকারী উভয়েই স্বীকার করছে যে, কোম্পানির পক্ষ থেকে টেকনিক্যাল সমস্যার কারণে প্যাম সিস্টেমের বিলম্ব প্রক্রিয়াকরণ সম্পর্কিত ঝুঁকি রয়েছে এবং এর ফলে যেকোনো পক্ষ ক্ষতির সম্মুখীন হতে পারে।

**8.6.** PAMM বিনিয়োগকারী এবং PAMM ব্যবসায়ীরা নিশ্চিত করে যে যদি PAMM বিনিয়োগকারী বা PAMM ব্যবসায়ীরা কোম্পানির নিয়ম লঙ্ঘন করে মুনাফা অর্জন করে, তারা উভয় পক্ষের জন্য সম্ভাব্য সংশোধন বা বিনিয়োগ কর্মক্ষমতা বাতিল সম্পর্কিত ঝুঁকি স্বীকার করে।

**9.** কোম্পানিতে দাবি ও অভিযোগ বিবেচনা

**9.1.** প্যাম সিস্টেম সম্পর্কিত কোনো অভিযোগ থাকলে প্যাম ইনভেস্টর ও প্যাম ট্রেডার কোম্পানির সাথে যোগাযোগ করে নিষ্পত্তি করবে। এ সম্পর্কিত কোনো তথ্য ফাঁস হলে অভিযোগ বাতিল বলে গণ্য হবে।

**9.2.** কোম্পানির প্যাম সিস্টেম সম্পর্কে কোন অভিযোগ করা হলে, কোম্পানি অভিযোগ গ্রহণের ৩০ দিনের মধ্যে সেটা সমাধান করবে।

**9.3.** সব অভিযোগ এবং দাবি এই চুক্তি অনুযায়ী বিবেচনা করা হবে, তবে কোনো বিষয় চুক্তিতে উল্লেখ না থাকলে সাধারণ জ্ঞানবোধ থেকে বিচার করা হবে।

**10.** ভাষা

**10.1.** বর্তমান চুক্তির ভাষা ইংরেজি।

**10.2.** গ্রাহকদের সুবিধার জন্য, কোম্পানি এই চুক্তি ভিন্ন ভাষায় অনুবাদ করতে পারে। অনুবাদ করা সংস্করণ শুধুমাত্র তথ্য প্রদানের জন্য করা হয়েছে।

**10.3.** যদি ইংরেজি এবং অন্য ভাষার সংস্করণের মধ্যে পার্থক্য থাকে তাহলে ইংরেজি সংস্করণকে প্রাধান্য দেওয়া হবে।